দৈনিক সংবাদ

তারিখ 20 MAR 1989
পৃষ্ঠা 4 কলাম 1

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

53

## পরীক্ষার ফি আদায়ে নৈরাজ্য

কুমিল্লা শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণ ইতিমধ্যেই শুরু হয়েছে। বিভিন্ন কলেজে পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে। কোন কোন ক্ষেত্রে দ্বিগুণ, তিনগুণ এমনকি তারও অধিক ফি আদায় করা হচ্ছে। এই অতিরিক্ত ফি আদায়ের নজির কুমিল্লা জেলার চান্দিনা রেদোয়ান আহমেদ কলেজ। এ বছর কুমিল্লা বোর্ড বিজ্ঞান শাখার ছাত্রছাত্রীদের জন্য ৩৯৭/-টাকা এবং মানবিক শাখার ছাত্রছাত্রীদের জন্য ২৬৪/- টাকা বোর্ড ফি ধার্য করে। গ্রামের কলেজগুলোতে ছাত্রছাত্রীরা ভর্তির সময় ১মাসের বেতন দিয়ে ভর্তি হয়। এই হিসেবে ২৩ মাসের বেতন (৩০x২৩), বোর্ড ফি, কেন্দ্র ফি আদায় করার কথা। এই হিসেব অনুযায়ী পরীক্ষার ফি কোন ক্রমেই ১১০০/- টাকার অধিক হওয়ার কথা নয়। অথচ চান্দিনা রেদোয়ান আহমেদ কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের কাছ থেকে ২২০০/- টাকা করে আদায় করছে। এবারের করালগ্রাসী বন্যায় আমরা এলাকাবাসী এমনিতেই সর্বস্বান্ত। তার ওপর এই অতিরিক্ত টাকা ধার্য মড়ার ওপর খাঁড়ার ঘা-এর মত। আমরা শিক্ষার নামে ব্যবসার এহেন অবস্থা দূর করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের আশু দৃষ্টি কামনা করছি।

মো: মফিজুল ইসলাম, গ্রাম: হারং, ডাক: চান্দিনা, জেলা: কুমিল্লা।

## বিদ্যালয়টির সরকারীকরণ চাই

ঐতিহাসিক সোনারগাঁয়ের প্রাণকেন্দ্র আমিনপুরে অবস্থিত 'সোনারগাঁ জি, আর, ইনষ্টিটিউশন একটি ঐতিহ্যবাহী বিদ্যালয় এটি ১৯০০ সালে স্থাপিত হয় এবং নারায়ণগঞ্জ জেলার প্রাচীনতম বিদ্যালয় এটি অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা পরিচালিত এবং বিদ্যালয়ে এক সহস্রাধিক ছাত্র অধ্যয়নরত। বিদ্যালয়টির ফলাফলও সন্তোষজনক। বিদ্যালয়টিকে সরকারীকরণের সমস্ত শর্ত পালিত হচ্ছে। কিন্তু বিভিন্ন সময়ে আশ্বাস প্রদান করা হলেও অদ্যাবধি বিদ্যালয়টিকে সরকারীকরণের কোন পদক্ষেপ গৃহীত হয়নি। সোনারগাঁ উপজেলায় কোন সরকারী উচ্চ বিদ্যালয় নেই। অতএব সোনারগাঁ জি,আর, ইনষ্টিটিউশনকে সরকারী উচ্চ বিদ্যালয়ে পরিণত করার জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

কে,এম, হুমায়ুন কবির,
দ্বাদশ বর্ষ, বিজ্ঞান,
নটরডেম কলেজ, ঢাকা।

## ঘিওর সরকারী কলেজে বি,এসসি কোর্স খোলা হোক

আমরা ঘিওর সরকারী কলেজের ছাত্র-ছাত্রী। প্রায় দু' হাজার ছাত্র-ছাত্রী এই কলেজে অধ্যয়নরত। এখানে উচ্চমাধ্যমিক এবং স্নাতক পর্যায়ে কলা ও বাণিজ্য বিভাগ চালু রয়েছে। আমাদের ঘিওর কলেজটিতে বি,এসসি কোর্স চালু হলে অনেক ছাত্র ছাত্রী উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ পাবে এবং সেই সাথে উপজেলাবাসীর বহুদিনের স্বপ্ন বাস্তবায়িত হবে।

অতএব প্রার্থনা আমাদের ঘিওর সরকারী কলেজে অবিলম্বে বি,এসসি কোর্স খোলার জন্য শিক্ষা মন্ত্রণালয় সমীপে আবেদন জানাচ্ছি।

ছাত্র ছাত্রীদের পক্ষে মো: আমিন উদ্দিন, ঘিওর সরকারী কলেজ, বি,এ ২য় বর্ষ।